গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস বন্ড কমিশনারেট**
**৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।**

নথি নং-৫(১৩)১৯/বন্ড কমিঃ/স্থায়ী আদেশ/২০০২/ তারিখ ঃ ২৬/০৪/২০০৯

# অফিস আদেশ

কাস্টমস বন্ড কমিশনারেট কিংবা উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে ক্ষেত্র বিশেষে শিল্প প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রতিকার চেয়ে উচ্চ আদালতে রিট মামলা দায়ের করে থাকেন। এ সকল রিট মামলার দফাওয়ারী জবাব যথাযথ আইন ও বিধি বিধান উল্লেখপূর্বক এবং প্রযোজ্য ক্ষেত্রে আইন ও বিধি বিধান জবাবের সাথে 'সংলাগ (Annexure)' হিসেবে যুক্ত করে না দেয়ার কারণে মামলার দফাওয়ারী জবাব বেশ দুর্বল হয়ে পড়ে। ফলে মামলার বিষয়বস্তু সরকারের অনুকূলে থাকার পরও এ সকল মামলার রায় ক্ষেত্র বিশেষে সরকারের বিপক্ষে প্রদত্ত হয়। উল্লিখিত অবস্থার নিরসনকল্পে এখন থেকে প্রতিটি আপীল/রিট মামলার দফাওয়ারী জবাব প্রয়োজনীয় তথ্য/উপাত্ত ও আইনী বিধি বিধান উল্লেখপূর্বক প্রস্তুত করতে হবে এবং জবাবের সাথে প্রয়োজনীয় দলিলাদি 'সংলাগ (Annexure)' হিসাবে সংযুক্ত করে দফাওয়ারী জবাবের প্রতিটি পাতায় সংশ্লিষ্ট বন্ড অফিসার (ইন্সপেক্টর), সুপারিনটেনডেন্ট এবং বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষরপূর্বক আইন শাখার সংশ্লিষ্ট নথিতে উপস্থাপন করার জন্য আদেশ দেয়া হলো।

**স্বাক্ষরিত/-**
**[ ড. মারুফুল ইসলাম ]**
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন-৯৩৪৭০০০।